

## ব্যবসা-বাণিজ্য: করনীয় ও বর্জনীয়

বিভাগ/অধ্যায়ঃ ব্যবসায়ী ভাইদের করনীয় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## ১. যাকাত দেওয়া:

যখন আমাদের ব্যবসার লাভের কারণে নিসাব পরিমাণ সম্পত্তির মালিক হব, তখন ইসলামের পাঁচ স্তম্ভের একটি যাকাতের আমল আমাদের দ্বারা পালন হবে। এর মাধ্যমে দারিদ্র বিমোচন হবে। ধনী ও গরীবের মাঝে সেতু বন্ধন রচনা হবে।যাকাত সম্পদের ময়লা-আবর্জনা। যাকাত দিয়ে সম্পদকে ময়লা আবর্জনা থেকে পরিষ্কার করতে হয়। যাকাত কখনো সম্পদ কমায় না। যাকাত সম্পদ বাড়ায়। যাকাত দেওয়া দ্বারা ব্যবসায়ী তার সম্পদকে কলুষমুক্ত করল। আল্লাহ তা'আলা বলেন,

﴿ وَمَآ ءَاتَيا َتُم مِّن رِّبًا لِيَرا َبُواْ فِيٓ أَما وَلِ ٱلنَّاسِ فَلَا يَرا َبُواْ عِندَ ٱللَّهِ اَ وَمَآ ءَاتَيا تُم مِّن زَكَوْم تُرِيدُونَ وَجالَهُ ٱللَّهِ فَأُولَ قِلْ يَرا بُواْ عِندَ ٱللَّهِ اللَّهِ عَمْ اللَّهِ عَنْ رَكَوْم تُرِيدُونَ وَجالَهُ ٱللَّهِ فَأُنْ أَلِكَ هُمُ ٱللَّهُ مُضاعِفُونَ ٣٩﴾ [الروم: ٣٩]

"আর তোমরা যে সুদ দিয়ে থাক, মানুষের সম্পদে বৃদ্ধি পাওয়ার জন্য তা মূলতঃ আল্লাহর কাছে বৃদ্ধি পায় না। আর তোমরা যে যাকাত দিয়ে থাক আল্লাহর সম্ভুষ্টি কামনা করে (তাই বৃদ্ধি পায়) এবং তারাই বহুগুণ সম্পদপ্রাপ্ত"। [সূরা রূম, আয়াত: ৩৯]

আয়াত দ্বারা স্পষ্ট প্রমাণিত হয়, যাকাত দ্বারাই সম্পদ বৃদ্ধি পায় সুদ নয়। সুদের পরিণতি খুবই করুণ। সুদ পরিহার করা ও তা থেকে দূরে থাকার জন্য আমাদের সর্বাত্মক সতর্ক থাকতে হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9529

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন